H-S-C

দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 6



# আজ এইচ এস সি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (শনিবার) হইতে ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডে এইচ, এস, সি পরীক্ষা শুরু হইবে। চারটি বোর্ডে ২ লক্ষ ৪৪ হাজার ৮ শত ৪৮ জন পরীক্ষার্থী এই এইচ, এস, সি পরীক্ষায় অংশগ্রহণ করিবে। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজের

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এইচ,এস-সি পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন করা হইয়াছে।

এ বৎসর ঢাকা বোর্ডের আওতাধীন বিদেশে ৮টি কেন্দ্রসহ দেশে ১৪৩ কেন্দ্রসহ মোট ১ শত ৫১টি কেন্দ্রে মোট ৭৫ হাজার ২ শত ৭৯ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করিবে। ইহাছাড়া ঢাকা বোর্ডের অধীনে সারা দেশের ১৬টি কেন্দ্রে ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় মোট ১ হাজার ৯ শত ৪৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিবে।